

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৫-৭৭৪

তারিখঃ ১৮.১১.২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাঃ শায়লা রহমান (১৩২৯০৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সার্জন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শায়লা রহমান (১৩২৯০৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সার্জন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০.০৮.২০১৪ তারিখের আদেশে সংযুক্ত হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, নেত্রকোনায় পদায়ন করা হলেও আপনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে ২০.০৮.২০১৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে এবং কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না ব্যতিরেকে এফসিপিএস (পার্ট-১) এবং এমআরসিপি (২য় পর্ব) পরীক্ষায় অংশ গ্রহণ করেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ শায়লা রহমান (১৩২৯০৩)  
বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সার্জন)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
(যোগাযোগ ঠিকানাঃ-বাসা-৭/৪, বাংলাদেশ ব্যাংক কর্মকর্তা নিবাস, রোড-২৬, বনানী, ঢাকা-১২১৩)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৪.২০১৫-৭৭৪/১(৪)

তারিখঃ ১৮.১১.২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

## অভিযোগ বিবরণী

ডাঃ শায়লা রহমান (১৩২৯০৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সার্জন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০.০৮.২০১৪ তারিখের আদেশে সংযুক্তি হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, নেত্রকোনায় পদায়ন করা হলেও আপনি পদায়নকৃত কর্মস্থলে যোগদান না করে ২০.০৮.২০১৪ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে বিনানুমতিতে অনুপস্থিত রয়েছেন। তিনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে এবং কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না ব্যতিরেকে এফসিপিএস (পার্ট-১) এবং এমআরসিপি (২য় পর্ব) পরীক্ষায় অংশ গ্রহণ করেন। আপনার উপরিলিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনজিপি)  
অতিরিক্ত সচিব